দৈনিক ইনকিলাব

২২/১১/২০০১

তারিখ ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ১

ঢাঃবিঃ বটতলায় পিন্টুর ছাত্র সংবর্ধনায় বি চৌধুরী

# ছাত্রদের মধ্যে সন্ত্রাস ও হানাহানি চলতে পারে না

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টুর এক 'ছাত্র-সংবর্ধনা' অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী ও সংসদ উপনেতা প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, ছাত্রদের মধ্যে হত্যা, সন্ত্রাস ও হানাহানি চলতে পারে না। শিক্ষাঙ্গনে গত পাঁচ বছর যে সন্ত্রাস ও হানাহানি হয়েছে তার পরিবর্তনে এখন শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করতে হবে। ছাত্র-ছাত্রীদের তাদের বাবা-মা এবং জাতির আকাঙ্ক্ষা পূরণ করতে হবে। প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী সংবর্ধনা সভায় প্রধান উতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা-৮ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের উদ্যোগে গতকাল (রবিবার) নাসির উদ্দিন পিন্টুকে এ প্রাণঢালা ছাত্র সংবর্ধনা প্রদান করা হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা, শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন, মেজর (অবঃ) আব্দুল মান্নান এমপি। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান। ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-ই-এলাহীর সভাপতিত্বে এবং সাংগঠনিক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেনের পরিচালনায় সভায় বিশেষ বক্তা ছিলেন বিএনপি নেতা নাজিম উদ্দিন আলম এমপি, ফজলুল হক মিলন এমপি, খায়রুল কবির খোকন, শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী এমপি। ছাত্রনেতার মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সংসদের সহ-সভাপতি সাগির আহমেদ, যুগ্ম সম্পাদক মুন্সী বজলুল বাসিত আঞ্জু, সহ-সভাপতি মনির হোসেন, রেহানা আক্তার রানু, মামুন হাসান, কাজী রওনাকুল ইসলাম টিপু। ছাত্রদলের কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক আব্দুল কুদ্দুস অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন। ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টুর সংবর্ধনা সভায় সভাপতিত্ব করার কথা থাকলেও তিনি অসুস্থ অবস্থায় হলি ফ্যামিলি হাসপাতালে চিকিৎসাধীন থাকার কারণে অনুষ্ঠানে আসতে পারেননি। সভায় বক্তব্যের শেষে আয়োজিত এক সাংস্কৃতিক অনুষ্ঠানে জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীন ও ব্যান্ড দল এলআরভি'র আইয়ুব বাচ্চু সঙ্গীত পরিবেশন করেন। বিপুলসংখ্যক ছাত্র এই মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। দীর্ঘ প্রায় ছয় বছর পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ ধরনের একটি সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হল।

পররাষ্ট্রমন্ত্রী বদরুদ্দোজা চৌধুরী তার বক্তব্যে ছাত্রদল সভাপতি পিন্টুকে সংসদ বিষয়ক পাঁচটি পরামর্শ দিয়ে বলেন, উত্তেজিত করা এবং উত্তেজিত হওয়া খুব সহজ ব্যাপার। কিন্তু সহমর্মিতা সৃষ্টি কঠিন ব্যাপার এটা শিখতে হবে। তিনি বলেন, ছাত্রদল সংসদে ১৭ জন এমপি উপহার দিয়েছে। এটা ছাত্র রাজনীতির ইতিবাচক দিক। তিনি ছাত্রদল নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, ছাত্রদলকে তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন হতে হবে। দেশ তোমাদের দিকে তাকিয়ে আছে। ছাত্রদলকে সবসময় ইতিবাচক বক্তব্য দিতে হবে। যেগুলো বিএনপি এবং সরকারের জন্য দিকনির্দেশনা হিসেবে কাজ করতে পারে। বিএনপি ও শরীক দল দুই-তৃতীয়াংশ আসন পাওয়ায় আমাদের দায়িত্ব আরো বেড়ে গেছে। শিক্ষাঙ্গনে যাতে কোন সন্ত্রাস না হয় এ ব্যাপারে ছাত্রদলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। ইতিবাচক ছাত্র রাজনীতি দেশকে উপহার দিতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে যোগাযোগমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা বলেন, গত পাঁচ বছরে আওয়ামী দুঃশাসন বিরোধী আন্দোলন করতে গিয়ে ছাত্রদলের অসংখ্য নেতা-কর্মী অনেক ত্যাগ স্বীকার করেছে। তাদের লেখাপড়ার অনেক ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রী ভাই-বোনদের পুনর্বাসিত করতে হবে। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে। পরে ছাত্র-ছাত্রীরা তাদের মেধা বিকশিত করে একদিন দেশ পরিচালনার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারে। দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব ও গণতন্ত্রের বিরুদ্ধে যারা ষড়যন্ত্র করছে তাদের দাঁতভাঙ্গা জবাব দেয়ার জন্য ছাত্র সমাজকে প্রস্তুত থাকতে হবে।

শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন তার বক্তব্যে ছাত্রদল সভাপতি পিন্টুকে 'অত্যন্ত জনপ্রিয় নেতা' হিসেবে উল্লেখ করে বলেন, বহু আগে একবার আমেরিকায় ম্যাডামের সাথে পিন্টুকে দেখেছিলাম। কিন্তু সেই পিন্টু যে একদিন ছাত্রদল সভাপতি হবে, ঢাকার এমপি হবে তা ছিল আমার ধারণার বাইরে।

মেজর (অবঃ) আব্দুল মান্নান এমপি পিন্টুকে সংসদ সদস্য নির্বাচিত করায় বৃহত্তর লালবাগবাসীকে অভিনন্দন জানিয়ে বলেন, সন্ত্রাসের বিরুদ্ধে চারদলীয় জোটের বিজয় হয়েছে। ছাত্র সমাজকে আগামী দিনে সন্ত্রাসমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে দায়িত্ব পালন করতে হবে।

স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান বলেন, ছাত্র রাজনীতিতে নেতৃত্ব দিতে গিয়ে পিন্টুকে বার বার কারানির্যাতন ভোগ করতে হয়েছে। আওয়ামী লীগের এই নির্যাতন, সন্ত্রাস ও অন্যায়ের বিরুদ্ধে জনগণ আজ শান্তি, শৃংখলা ও উন্নয়নের পক্ষে বিএনপিকে রায় দিয়েছে। তিনি ছাত্রদল নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, আপনাদের ঐক্যবদ্ধভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে হবে। তাহলে একদিন আপনারাও দেশ পরিচালনা করতে পারবেন।

সংবর্ধিত ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন পিন্টু এমপি তার বক্তব্যে সংবর্ধনা সভার আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, ছাত্রদল থেকে বিদায় নেয়ার আগে ছাত্র রাজনীতির শেষপ্রান্তে এসে ছাত্রদল আমাকে যে সংবর্ধনা দিয়েছে তা আমি আজীবন মনে রাখব। তিনি বলেন, ছাত্রদল আমাকে ওয়ার্ড সভাপতি থেকে সংসদ সদস্য নির্বাচিত করেছে। কিন্তু এর বিনিময়ে ছাত্রদলকে আমি কিছুই দিতে পারিনি। ছাত্রদলকে আজ পরিপূর্ণ অবস্থায় দেখতে পেয়েছি এটাই আমার সবচেয়ে বড় পাওনা। তিনি আশা প্রকাশ করে বলেন, সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত দেশ গড়ার ডাকে ছাত্রদল সবসময় সাড়া দেবে।